



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



অবিলম্বে
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫০৮

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কোভিড-১৯ অতিমারির কারণে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ থাকা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগামী ১২/০৯/২০২১ তারিখ থেকে খোলার সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের অংশ হিসেবে আবাসিক হোস্টেল খোলা প্রসঙ্গে।

- সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.২০৫; তারিখ- ০৭/০৯/২০২১ খ্রি.
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭; তারিখ- ২২/০১/২০২১ খ্রি.
(৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৫০৩; তারিখ- ০৫/০৯/২০২১ খ্রি.
(৪) কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় কারিগরি পরামর্শক কমিটির ০২/০৯/২০২১ তারিখের ৪৫ তম সভার প্রস্তাবিত সুপারিশসমূহ
(৫) ০৫/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত বর্তমান কোভিড-১৯ এর সংক্রমণ পরিস্থিতি পর্যালোচনায় শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০ খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। শিক্ষার্থীদের আবার স্বাভাবিক শ্রেণি কার্যক্রমে ফেরানো এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য কর্মকাণ্ডে অংশ গ্রহণের লক্ষ্যে সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের অংশ হিসেবে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে খোলার সিদ্ধান্ত হয়েছে।

আরও উল্লেখ্য যে বর্তমানে দেশের বিভিন্ন এলাকায় ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব রয়েছে।

এ পরিপ্রেক্ষিতে যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী হোস্টেল রয়েছে সেসকল হোস্টেল চালুর ক্ষেত্রে কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধির পাশাপাশি ডেঙ্গু রোগ প্রতিরোধ ও চিকিৎসা সংক্রান্ত নির্দেশনা অনুসরণপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

৯-৯-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) আঞ্চলিক উপপরিচালক-সকল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫০৮/১(১৮)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ১১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ১২) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
- ১৩) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ১৫) প্রধান শিক্ষক (সকল), সরকারি মাধ্যমিক বিদ্যালয়
- ১৬) প্রধান শিক্ষক (সকল), বেসরকারি নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়
- ১৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ১৮) সংরক্ষণ নথি



৯-৯-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক (কলেজ ও প্রশাসন)